

আউশ খান (চারা রোপন)

জাত : - এন, ডি আর-৯৭, সহবাগী, অঞ্জলী

বীজ বোনার সময় :- চৈত্র বৈশাখ মাসে বীজতলা তৈরী করে বীজ বোনেদিন। **বীজের পরিমাণ :-** শ্রী পদ্ধতিতে ৫০০-৮০০ গ্রাম প্রতি কানি প্রচলিত পদ্ধতিতে- ৮ কেজি প্রতি কানি।

বীজ শোধন:- হাল্কা রোদে বীজ ভালো করে শুকিয়ে প্রতি কেজি বীজের সাথে ১ গ্রাম ম্যাকোজেবএবং ১ গ্রাম কার্বেনডাজিম বীজ বোনার ৭-১০ দিন আগে ভালো করে মিশিয়ে নিতে হবে।

জমি তৈরী :- সেচ অথবা বৃষ্টির জলের অবস্থা বোজে বৈশাখ - জ্যৈষ্ঠ মাসে মূল জমি তৈরী করুন। প্রথম চাষে ভাল ভাবে আগাছা পরিষ্কার করে ৭-১০ দিন ফেনেরাখুন। দ্বিতীয় চাষে ভাল ভাবে কাদামাখা জমি তৈরী করে চারা রোপন করুন। শ্রী পদ্ধতিতে ৮-১০ দিনের ১টি করে চারা , প্রচলিত পদ্ধতিতে ২০ -২৫ দিনের ২-৩টি চারা মূল জমিতে লাগান

সারের পরিমাণ এবং সার প্রয়োগের সময় :-

	প্রচলিত পদ্ধতি	শ্রী পদ্ধতি
গোবর সার	১০০০ - ১৫০০ কেজি	১০০০ - ১৫০০ কেজি ,
ইউরিয়া	২০ -৩০ কেজি,	১৪ কেজি,
সুপার ফসফেট	৩০ কেজি,	২০ কেজি,
পটাশ	৮ কেজি।	৭ কেজি।
জীবাণু সার		৬০০ - ৭০০ গ্রাম,

সার প্রয়োগ পদ্ধতি :- সম্পূর্ণ গোবর সার প্রথম চাষে প্রয়োগ করুন। মূল জমি তৈরী করার সময় অর্ধেক পরিমাণ ইউরিয়া , সম্পূর্ণ সুপার ফসফেট এবং পটাশ প্রয়োগ করুন। বাকী পরিমাণ ইউরিয়ার অর্ধেক ধানের পাশকাঠি ছাড়ার সময় এবং অবশিষ্ট ইউরিয়া গোড়ায় থোর আসার সময় প্রয়োগ করুন। জীবানু সার দুই বারে প্রয়োগ করুন, প্রথম বার মূল জমি তৈরী করার সময় অর্ধেক এবং বাকী অর্ধেক পরিমাণ চারা লাগাবার ২৫ -৩০ দিনের পর প্রয়োগ করুন।

চারার দূরত্ব : - সারি থেকে সারি - ২৫ সে:মি , এবং গোছা থেকে গোছা - ১০ সেমি।

প্রচলিত পদ্ধতিতে প্রতি গোছায় ২-৩ টি চারা এবং শ্রী পদ্ধতিতে ১টি করে চারা লাগান।

অন্তর্বর্তী পরিচর্যা :- ২ - ৩ বার ভাল করে আগাছা পরিষ্কার করুন এবং সময় মত সার প্রয়োগ করুন। সেচের সুবিধা থাকলে মাঝে মাঝে সেচ দিন।

সময় কাল :- ৯০ - ১০০ দিন।

উৎপাদন :- কানি প্রতি উৎপাদন ২৫০ - ৩০০ কেজি।

শ্রী পদ্ধতিতে ৪০০ - ৫০০ কেজি।